# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ছিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪১১) সাওম রেখে সুরমা ব্যবহার করার বিধান কী?

উত্তর: সাওম আদায়কারীর জন্য সুরমা ব্যবহার করায় কোনো অসুবিধা নেই। অনুরূপভাবে চোখে বা কানে ঔষুধ (ড্রপ) ব্যবহার করতেও কোনো অসুবিধা নেই, যদিও এতে গলায় ড্রপের স্বাদ অনুভব করে। এতে সাওম ভঙ্গ হবে না। কেননা ইহা খাদ্য বা পানীয় নয় বা খানা-পিনার বিকল্প হিসেবেও ব্যবহৃত নয়। একথার দলীল হচ্ছে, সিয়ামের ক্ষেত্রে যে নিষেধাজ্ঞা তা হচ্ছে খানা-পিনা করা। সুতরাং যা খানা-পিনার অন্তর্ভুক্ত নয় তা এ নিষেধাজ্ঞার মধ্যে গণ্য হবে না। ইমাম ইবন তাইমিয়া রহ. একথাই বলেছেন। আর এটাই বিশুদ্ধ মত। কিন্তু যদি নাকে ড্রপ ব্যবহার করে এবং তা পেটে পৌঁছে, তবে সাওম ভঙ্গ হবে- যদি সাওম ভঙ্গের উদ্দেশ্য করে থাকে। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«وَبَالِغْ فِي الِاسْتِنْشَاقِ إِلَّا أَنْ تَكُونَ صَائِمًا»

“সিয়াম অবস্থায় না থাকলে অযুর ক্ষেত্রে নাকে অতিরিক্ত পানি নিবে।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ, অধ্যায়: নাক ঝাড়া, ১৪২; তিরমিযী, অধ্যায়: পবিত্রতা, অনুচ্ছেদ: আঙ্গুল খিলাল করার বর্ণনা; নাসাঈ, অধ্যায়: পবিত্রতা, অনুচ্ছেদ: নাকে পানি নেওয়ায় বাড়াবাড়ি করা; ইবন মাজাহ, অধ্যায়: পবিত্রতা, অনুচ্ছেদ: আঙ্গুল খিলাল করার বর্ণনা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1085

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন